রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, সেপ্টেম্বর ১৭, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

**নং ১৫.০০.০০০০.০২৪.১৮.১৮৫.১৪-৫৯৩** তারিখ : ১৪ ভাদ্র ১৪২৫/২৯ আগস্ট ২০১৮

## জেলা সংবাদ প্রতিনিধি সম্মানী কাঠামো ও শ্রেণি-উন্নয়ন নীতিমালা

**সংজ্ঞা :** এই নীতিমালা 'জেলা সংবাদ প্রতিনিধি সম্মানী কাঠামো ও শ্রেণি-উন্নয়ন নীতিমালা' নামে অভিহিত হবে।

**আওতা ও প্রযোজ্য ক্ষেত্র :** এই নীতিমালা জেলা সংবাদ প্রতিনিধিদের সম্মানী নির্ধারণ ও শ্রেণি-উন্নয়নের ক্ষেত্রে অনুসরণীয় বলে বিবেচিত হবে যা বাংলাদেশ টেলিভিশনের জেলা সংবাদ প্রতিনিধিদের জন্য প্রযোজ্য হবে।

**শ্রেণিবিন্যাস :** বাংলাদেশ টেলিভিশনের সকল জেলা সংবাদ প্রতিনিধি সমমর্যাদাসম্পন্ন হবেন তবে সম্মানী প্রাপ্তির ক্ষেত্রে তাদেরকে দুটি শ্রেণি/ক্যাটাগরিতে বিভক্ত করা হবে।

| | | |
|---|---|---|
| ক্যাটাগরি-'খ' | : | নিয়োজন প্রাপ্তির প্রথম পাঁচ বছর জেলা সংবাদ প্রতিনিধিগণ 'খ' ক্যাটাগরিতে সম্মানী প্রাপ্ত হবেন। |
| ক্যাটাগরি-'ক' | : | প্রথম পাঁচ বছর সফল সমাপ্তির পর সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে জেলা সংবাদ প্রতিনিধিগণ 'ক' ক্যাটাগরিতে উত্তীর্ণ হবেন এবং অধিকতর সম্মানী প্রাপ্ত হবেন। |

**সম্মানী কাঠামো :**

(ক) **মাসিক সম্মানী :** জেলা সংবাদ প্রতিনিধিগণ মাসিক নির্ধারিত সম্মানী প্রাপ্য হবেন। 'খ' ক্যাটাগরিতে জেলা সংবাদ প্রতিনিধিগণ মাসিক ৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা সম্মানী প্রাপ্য হবেন এবং 'ক' ক্যাটাগরিতে ১০,০০০/-(দশ হাজার) টাকা মাসিক সম্মানী প্রাপ্য হবেন। এছাড়া, প্রতিটি প্রচারিত



**মূল্য :** টাকা ৪.০০

সংবাদের জন্য তারা নির্দিষ্ট হারে সম্মানী প্রাপ্য হবেন। তবে কোন জেলা সংবাদ প্রতিনিধির মাসে কমপক্ষে সাতটি সংবাদ আইটেম প্রেরণ না করলে এবং প্রেরিত আইটেমের মধ্যে কমপক্ষে তিনটি সংবাদ আইটেম প্রচারিত না হলে অথবা প্রচারযোগ্য না হলে তিনি এককালীন সম্মানী প্রাপ্তির অধিকার হারাবেন। পরপর তিন মাস মাসিক নির্ধারিত সম্মানী প্রাপ্তির জন্য অযোগ্য বিবেচিত হলে তার নিয়োজন বাতিল করা হবে।

(খ) **সংবাদ সম্মানী :** 'ক' ও 'খ' উভয় ক্যাটাগরিতে সংবাদ প্রতিনিধিগণ প্রতিটি প্রচারিত সংবাদ আইটেমের জন্য **১,১৫৫/-**(এক হাজার একশত পঞ্চান্ন) টাকা সম্মানী প্রাপ্য হবেন। এক্ষেত্রে একজন জেলা সংবাদ প্রতিনিধির এক মাসে ২০ টির বেশি সংবাদ আইটেম গণনা করা হবে না এবং কোন অতিরিক্ত সম্মানী পরিশোধযোগ্য হবে না। অর্থাৎ সংবাদ আইটেম ও রিপোর্টিং আইটেম মিলে একজন সংবাদ প্রতিনিধির সম্মানী পরিশোধযোগ্য সংবাদ আইটেম মাসে ২০ টির বেশি হবে না।

(গ) **প্রচারিত বিশেষ রিপোর্টিং :** উভয় ক্যাটাগরিতে প্রচারিত বিশেষ রিপোর্টিং এর জন্য জেলা সংবাদ প্রতনিধিগণ প্রতি বিশেষ রিপোর্টিং (ভয়েসওভার-প্যাকেজ আইটেম) প্রতিটির জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা সম্মানী প্রাপ্য হবেন। এক্ষেত্রে একজন জেলা সংবাদ প্রতিনিধি একমাসে পাঁচটির বেশি বিশেষ রিপোর্টিং এর সম্মানী প্রাপ্য হবেন না। উল্লেখ্য, একজন জেলা সংবাদ প্রতিনিধি যদি প্রচারিত পাঁচটি বিশেষ রিপোর্টিং এর সম্মানী প্রাপ্য হন, তবে তিনি মাসে পনেরটির বেশি সাধারণ সংবাদের সম্মানী প্রাপ্য হবেন না। প্রচারিত বিশেষ রিপোর্টিং মাসিক সর্বোচ্চ ০৫ টি। তবে প্রচারিত বিশেষ রিপোর্টিং প্রাপ্তির ক্ষেত্রে সংবাদ সম্মানীর সংখ্যা হারাহারি হারে কমবে।

**ভ্যাট ও কর কর্তন :** জেলা সংবাদ প্রতিনিধিদের আহরিত সম্মানী থেকে প্রযোজ্য ক্ষেত্রে সরকার নির্ধারিত হারে ভ্যাট ও কর কর্তন করা হবে।

**নিয়মিতকরণ ও শ্রেণি উন্নয়ন :**

(ক) **শিক্ষানবিশকাল :** নিয়োজনের পর প্রথম তিনমাস জেলা সংবাদ প্রতিনিধিদের শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে জেলা সংবাদ প্রতিনিধিগণ মাসিক নির্ধারিত সম্মানী প্রাপ্য হবে না, তবে প্রচারিত সংবাদের জন্য সম্মানী প্রাপ্য হবেন।

(খ) **নিয়মিতকরণ :** শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপনের পর জেলা সংবাদ প্রতিনিধিকে নিয়মিত করা হবে। নিয়মিতকরণের পর তিনি 'খ' ক্যাটাগরির সম্মানী ভাতাসহ প্রচারিত সংবাদের সম্মানী প্রাপ্য হবেন।

(গ) **শ্রেণি-উন্নয়ন :** 'খ' ক্যাটাগরিতে পাঁচ বছর সফলভাবে অতিক্রান্তের পর জেলা সংবাদ প্রতিনিধিগণ 'ক' ক্যাটাগরিতে উন্নীতকরণের নিমিত্তে আবেদন করবেন। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে আবেদনকারীকে 'ক' ক্যাটাগরিতে উন্নীত করা হবে।

**নীতিমালার মেয়াদকাল :**

পরবর্তী সম্মানী কাঠামো নির্ধারিত হওয়ার পূর্ব পর্যন্ত জেলা সংবাদ প্রতিনিধিদের এই সম্মানী কাঠামো বহাল থাকবে এবং প্রযোজ্য হবে।

**আবদুল মালেক**
সচিব।

**পরিশিষ্ট ক**

**সর্বোচ্চ ও সর্বনিম্ন সম্মানী আহরণ হিসাব :**

| | | | | |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ : | শিক্ষানবিশকাল - ২০ টি আইটেম হলে | = | ২৩,১০০/- | টাকা |
| | ‘খ’ ক্যাটাগরি (মাসিক নির্ধারিত সম্মানী) | = | ৭,৫০০/- | |
| | ভয়েস ওভার সর্বোচ্চ ৫ টি | = | ১০,০০০/- | |
| | সাধারণ সর্বোচ্চ ১৫ টি (১১৫৫×১৫) | = | ১৭,৩২৫/- | |
| | **মোট** | **=** | **৩৪,৮২৫/-** | |
| | ‘ক’ ক্যাটাগরি (মাসিক নির্ধারিত সম্মানী | = | ১০,০০০/- | |
| | ভয়েস ওভার সর্বোচ্চ ৫ টি | = | ১০,০০০/- | |
| | সাধারণ সর্বোচ্চ ১৫ টি (১১৫৫×১৫) | = | ১৭,৩২৫/- | |
| | **মোট** | **=** | **৩৭,৩২৫/-** | |
| সর্বনিম্ন : | শিক্ষানবিশকাল ৫ টি আইটেম ৫×১১৫৫ | = | ৫,৭৭৫/- | টাকা |
| | ‘খ’ ক্যাটাগরি (মাসিক নির্ধারিত সম্মানী) | = | ৭,৫০০/- | |
| | সাধারণ ৫ টি×১১৫৫ | = | ৫,৭৭৫/- | |
| | **মোট** | **=** | **১৩,২৭৫/-** | |
| | ‘ক’ ক্যাটাগরি (মাসিক নির্ধারিত সম্মানী) | = | ১০,০০০/- | |
| | সাধারণ ৫ টি×১১৫৫ | = | ৫,৭৭৫/- | |
| | **মোট** | **=** | **১৫,৭৭৫/-** | |

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd